



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০ (এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



প্রেস-রিলিজ

শেখ হাসিনার দেশ ও মানুষের প্রতি ভালোবাসা ছোটবেলা থেকেই তৈরী হয়েছিল -অধ্যাপক ড. সুলতানা শফি

বরিশাল বিশ্ববিদ্যালয়

২৮ সেপ্টেম্বর ২০২১

শেখ হাসিনার দেশ ও মানুষের প্রতি ভালোবাসা ছোটবেলা থেকেই তৈরী হয়েছিল। তিনি হঠাৎ করেই রাজনীতিতে আসেননি। ছোটবেলায়ই বাবা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর আদর্শে নিজেকে অনুপ্রাণিত করেছেন শেখ হাসিনা। তিনি ছাত্রাবস্থা থেকে রাজনীতির সাথে সক্রিয় ছিলেন। দেশ ও মানুষের কল্যাণে কিভাবে নিজেকে আরও সুযোগ্য করে গড়ে তোলা যায় সে লক্ষে তিনি প্রতিনিয়ত কাজ করে যাচ্ছেন। শেখ হাসিনার সুযোগ্য নেতৃত্বের কারণে আজ বিশ্ব নেতা হিসেবে তিনি আবির্ভূত হয়েছেন এবং তাঁর নেতৃত্বেই বাংলাদেশ আজ বিশ্বব্যাপী উন্নয়নের রোল মডেলে পরিণত হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৫তম জন্মদিন উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয়ে ভারুয়াল আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে কথাগুলো বলেন বাংলাদেশ আওয়ামী লীগের উপদেষ্টামন্ডলীর সদস্য ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের পদার্থবিজ্ঞান বিভাগের সাবেক অধ্যাপক ড. সুলতানা শফি। ২৮ সেপ্টেম্বর বিকাল ৪টায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের শেখ হাসিনা হলের আয়োজনে এ ভারুয়াল সভাটি অনুষ্ঠিত হয়েছে। বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন এর সভাপতিত্বে সভায় স্বাগত বক্তব্য রাখেন ববির শেখ হাসিনা হলের প্রভোস্ট ড. রেহানা পারভীন। অন্যান্যদের মধ্যে আরও বক্তব্য রাখেন ববি শিক্ষক সমিতির সভাপতি ও প্রক্টর ড. খোরশেদ আলম, শিক্ষার্থী হাওয়া ইসলাম, সাইয়েদা মাহফুজা মিষ্টি, কাজী মোহসিনা তামান্না। ভারুয়াল এ আলোচনা সভায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীরা সংযুক্ত ছিলেন। সভাটি সঞ্চালনা করেন শেখ হাসিনা হলের আবাসিক শিক্ষক ও মার্কেটিং বিভাগের প্রভাষক সায়মা আক্তার। এদিকে মাননীয় প্রধানমন্ত্রীর জন্মদিন উপলক্ষে বাদ যোহর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদে দোয়া ও মন্দিরে বিশেষ প্রার্থনা অনুষ্ঠিত হয়েছে। এ সময় উপাচার্য মহোদয় মাননীয় প্রধানমন্ত্রীর সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে বাংলাদেশের চলমান উন্নয়নের অগ্রযাত্রায় সকলকে সামিল হয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে কাজ করে যাওয়ার আহবান জানান।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস